# UNIVERSITY OF NORTH BENGAL

B.A. Honours 3rd Semester Examination, 2019

## GE-BENGALI

Time Allotted: 2 Hours | Full Marks: 60

*The figures in the margin indicate full marks.*
*Candidates should answer in their own words and adhere to the word limit as practicable.*

Maynaguri College Library

১। নিম্নলিখিত যে-কোনো *চারটি* প্রশ্নের উত্তর দাওঃ ৩×৪ = ১২

(ক) প্রকাশকাল সহ রবীন্দ্রনাথের তিনটি কাব্য গ্রন্থের নাম লেখো।

(খ) জোড় কলম শব্দ কাকে বলে ? উদাহরণ দাও।

(গ) কামরূপী উপভাষা কোন্ কোন্ অঞ্চলে প্রচলিত আছে তা লেখো।

(ঘ) বিপ্রকর্ষ কাকে বলে ? উদাহরণসহ বিষয়টি বুঝিয়ে দাও।

(ঙ) টীকা লেখোঃ (যে-কোনো *একটি*)
নীলদর্পণ, ত্রয়ী মহাকাব্য।

(চ) 'একেই কি বলে সভ্যতা'– কী ধরনের রচনা ? এটি কার লেখা ? তাঁর লেখা অপর একটি নাটকের নাম লেখো।

২। নিম্নলিখিত যে-কোনো *চারটি* প্রশ্নের উত্তর দাওঃ ৬×৪ = ২৪

(ক) উপভাষা কাকে বলে ? ভাষা ও উপভাষার সম্পর্ক কি ? উপভাষাগুলির ভৌগোলিক সীমা নির্দেশ করো।

(খ) স্বরভক্তি কাকে বলে ? স্বরভক্তি কয় প্রকার ও কী কী ? উদাহরণসহ সংজ্ঞা লেখো।

(গ) বাংলা গদ্য সাহিত্যে বিদ্যাসাগরের অবদান সংক্ষেপে আলোচনা করো।

(ঘ) বাংলা কাব্য সাহিত্যে কোন কবি 'ভোরের পাখি' নামে পরিচিত, কে তাঁকে 'ভোরের পাখি' বলেছেন এবং কেন ?

(ঙ) বাংলা মহাকাব্য ধারা অবলুপ্তির কারণগুলি লেখো।

(চ) নাট্য সাহিত্যের ধারায় রামনারায়ণের কৃতিত্ব আলোচনা করো।

৩। নিম্নলিখিত যে-কোনো *দুটি* প্রশ্নের উত্তর দাওঃ ১২×২= ২৪

(ক) বাংলা নাট্য সাহিত্যে গিরিশচন্দ্র ঘোষের অবদান আলোচনা করো।

(খ) বাংলা গদ্য ভাষা উন্নয়নে শ্রীরামপুর মিশন অথবা রামমোহন রায়ের অবদান আলোচনা করো।

(গ) ঈশ্বর গুপ্ত কি যুগসন্ধিক্ষণের কবি ? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও।

(ঘ) প্রাচীন ভারতীয় আর্য ভাষার স্তর থেকে বাংলা ভাষার বিবর্তনের রূপটি সংক্ষেপে আলোচনা করো।

———×———

# UNIVERSITY OF NORTH BENGAL

B.A./B.Com. Programme 3rd Semester Examination, 2019

## LCC-BENGALI

## PAPER-II

Time Allotted: 2 Hours | Full Marks: 60

*The figures in the margin indicate full marks.*
*Candidates should answer in their own words and adhere to the word limit as practicable.*

### শিরোনামঃ বাংলা ব্যাকরণ

১। নিম্নলিখিত যে-কোনো *চারটি* প্রশ্নের উত্তর দাওঃ ৩×৪ = ১২

(ক) কারক কাকে বলে ? কারক কয়প্রকার ও কী কী ?

(খ) উদাহরণসহ সংজ্ঞা লেখোঃ

জোড়কলম অথবা অভিশ্রুতি।

(গ) প্রত্যয় নির্ণয় করোঃ

পঙ্কিল, শয়ন, বর্তমান, বাড়ন্ত, পড়া, মনুষ্য।

(ঘ) উপসর্গ যোগে তিনটি শব্দ গঠন করো।

(ঙ) লোকনিরুক্তি কাকে বলে ? দৃষ্টান্ত দাও।

(চ) সমাস নির্ণয় করোঃ

দম্পতি, সিংহাসন, দুর্ভিক্ষ।

২। নিম্নলিখিত যে-কোনো *চারটি* প্রশ্নের উত্তর দাওঃ ৬×৪ = ২৪

(ক) 'বিভক্তি' কী ও প্রধানত কতপ্রকার ? প্রতি প্রকার বিভক্তির তিনটি করে উদাহরণ দাও।

(খ) টীকা লেখোঃ

স্বরসংগতি।

(গ) উদাহরণসহ উপসর্গ ও অনুসর্গ-এর পার্থক্যগুলো চিহ্নিত করো।

(ঘ) বহুব্রীহি সমাস বলতে কী বোঝো ? দৃষ্টান্তসহ আলোচনা করো।

(ঙ) উচ্চারণস্থান অনুযায়ী বাংলা স্বরধ্বনিগুলো বিন্যস্ত করো।



Maynaguri College Library

(চ) কারক বিভক্তি নির্ণয় করোঃ

(i) **মা** ছেলেকে ভাত খাওয়াচ্ছেন।

(ii) **গঙ্গাসাগরে** মেলা বসেছে।

(iii) **মাছটাকে** ভালো করে ভাজবে।

(iv) **কাঁটা দিয়ে** কাঁটা তোলে।

(v) **গাছ থেকে** আম পড়ল।

(vi) শুভা রাগ করে **ঘর থেকে** বেরিয়ে গেল।

৩। নিম্নলিখিত যে-কোনো ***দুটি*** প্রশ্নের উত্তর দাওঃ ১২×২= ২৪

(ক) ধ্বনি পরিবর্তনের কারণগুলি উল্লেখ করো। এর প্রধান ধারাগুলির সংক্ষিপ্ত পরিচয় দাও।

(খ) উচ্চারণস্থান অনুযায়ী বাংলা ব্যঞ্জনধ্বনিগুলির শ্রেণিবিন্যাস করো।

(গ) উদাহরণসহ সংজ্ঞা দাওঃ

সমীভবন, সংকর শব্দ, স্বরভক্তি।

(ঘ) প্রত্যয় বলতে কী বোঝো ? প্রত্যয়ের শ্রেণিবিভাগ করে দৃষ্টান্তসহ আলোচনা করো।

——×——

Maynaguri College Library

# UNIVERSITY OF NORTH BENGAL

B.A. Honours 3rd Semester Examination, 2019

## SEC1-BENGALI

Time Allotted: 2 Hours                                                                 Full Marks: 60

*The figures in the margin indicate full marks.*
*Candidates should answer in their own words and adhere to the word limit as practicable.*

Maynaguri College Library

১। নিম্নলিখিত যে-কোনো *চারটি* প্রশ্নের উত্তর দাওঃ ৩×৪ = ১২

(ক) মন্যেএল দ্য আসুম্পসা - রচিত বাংলা ব্যাকরণ বইটি কবে, কাদের সম্পাদনায় এবং কোথা থেকে প্রকাশিত হয় ?

(খ) টীকা লেখোঃ

A Grammar of the Bengal Language.

(গ) অনুসর্গ কাকে বলে ? উদাহরণসহ বুঝিয়ে দাও।

(ঘ) বাংলায় বিশেষণের বহুবিধ ব্যবহার উদাহরণসহ লেখো।

(ঙ) শব্দগুলির চলিত রূপ লেখোঃ

ব্যাঘ্রভয়, গাত্রোত্থান, পল্লীবাসীদিগকে, আপাদমস্তক, আজানুলম্বিত, ভূলুণ্ঠিত।

(চ) বাংলায় লিঙ্গের বহুবিধ ব্যবহার উদাহরণসহ আলোচনা করো।

২। নিম্নলিখিত যে-কোনো *চারটি* প্রশ্নের উত্তর দাওঃ ৬×৪ = ২৪

(ক) ব্যুৎপত্তি নির্ণয় করোঃ

দাম, ওঝা, উনান, আনারস, আরামকেদারা, এগারো।

(খ) উপসর্গ কাকে বলে ? অনুসর্গের সঙ্গে উপসর্গের পার্থক্য উদাহরণসহ আলোচনা করো।

(গ) টীকা লেখোঃ ভাষাচার্য সুনীতিকুমার চট্টোপাধ্যায়।

(ঘ) সাধু থেকে চলিত ভাষায় রূপান্তর করোঃ

এক ব্যক্তির দুইটি পুত্র ছিল। তন্মধ্যে কনিষ্ঠ পুত্র পিতাকে বলিল, "পিতঃ, আপনার সম্পত্তির মধ্যে আমার প্রাপ্য অংশ আমাকে দিউন।" তাহাতে তাহাদিগের পিতা নিজ সম্পত্তি তাহাদিগের মধ্যে বিভাগ করিয়া দিলেন।

(ঙ) টীকা লেখোঃ

'গৌড়ীয় ব্যাকরণ।'

(চ) পদ কাকে বলে ? বাংলা বাক্যের গঠনে পদের নানাবিধ ব্যবহার উদাহরণসহ আলোচনা করো।

৩। নিম্নলিখিত যে-কোনো *দুটি* প্রশ্নের উত্তর দাওঃ ১২×২ = ২৪

(ক) বাংলা ব্যাকরণচর্চার ধারায় ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের অবদান আলোচনা করো।

(খ) বাংলা ব্যাকরণের অগ্রগতিতে রবীন্দ্রনাথ ঠাকুরের বিশেষ ভূমিকা লক্ষ্য করা যায় — আলোচনা করো।

(গ) ক্রিয়ার কাল বলতে কী বোঝো ? ক্রিয়ার কাল কত প্রকার ও কী কী ? বিস্তৃত আলোচনা করো।

(ঘ) বিশেষ্য ও সর্বনামের সংজ্ঞা নির্ধারণ করো। বাংলা বাক্যের গঠনে বিশেষ্য ও সর্বনাম পদের ব্যবহার উদাহরণসহ আলোচনা করো।

——×——

# UNIVERSITY OF NORTH BENGAL

B.A. Honours 3rd Semester Examination, 2019

## CC5-BENGALI

Time Allotted: 2 Hours　　　　Full Marks: 60

*The figures in the margin indicate full marks.*
*Candidates should answer in their own words and adhere to the word limit as practicable.*

১। নিম্নলিখিত যে-কোনো *চারটি* প্রশ্নের উত্তর দাওঃ　　৩×৪ = ১২

(ক) 'মনসামঙ্গল' কাব্যে অনিরুদ্ধ ও ঊষা'র প্রকৃত পরিচয় কী ছিল ? শিবের অভিশাপে তাঁরা মর্ত্যে কোন্ নামে জন্মগ্রহণ করেন ?

(খ) কেতকাদাস ক্ষেমানন্দ নিজেকে কেতকার দাস বলেছেন কেন ? তাঁর কাব্যের রচনাকাল উল্লেখ করো।

(গ) 'চণ্ডীমঙ্গল' কাব্যে কয়টি কাহিনীর সন্নিবেশ ঘটেছে ? সেগুলি কি কি ? মুকুন্দ চক্রবর্তীর চণ্ডীমঙ্গল কাব্যের নাম কি ?

(ঘ) "মাপে কোণে দিয়া দড়া　　পনর কাঠায় কুড়া
নাহি শুনে প্রজার গোহারি।।"
—'গোহারি' শব্দের অর্থ কী ? উদ্ধৃতাংশটির অর্থগত তাৎপর্য লেখো।

(ঙ) 'চৈতন্যলীলার ব্যাস' কাকে বলা হয় ? কেন এই কবিকে এরূপ বলা হয় ?

(চ) চৈতন্যদেবের প্রথম পত্নীর নাম কী ছিল ? তাঁর মৃত্যুতে চৈতন্যদেবের প্রতিক্রিয়া কেমন ছিল ?

২। নিম্নলিখিত যে-কোনো *চারটি* প্রশ্নের উত্তর দাওঃ　　৬×৪ = ২৪

(ক) কেতকাদাস ক্ষেমানন্দের 'মনসামঙ্গল' কাব্যের অনুসরণে জালু-মালু চরিত্র দুটির গুরুত্ব বুঝিয়ে দাও।

(খ) "মনস্তাপ পায় তবু না নোয়ায় মাথা।
বলে চেঙ্গমুড়ি বেটী কিসের দেবতা।।"
—উদ্ধৃতাংশের মধ্য দিয়ে উদ্দিষ্ট ব্যক্তির চরিত্রের কী পরিচয় পাওয়া যায় ?

(গ) 'বারোমাস্যা' কাকে বলে ? মুকুন্দ চক্রবর্তীর কাব্যে 'ফুল্লরার বারোমাস্যা' বর্ণনার গুরুত্ব বিশ্লেষণ করো।

(ঘ) মুকুন্দ চক্রবর্তীর চণ্ডীমঙ্গল কাব্যে মুরারী শীল চরিত্রটির বৈশিষ্ট্য আলোচনা করো।

(ঙ) 'চৈতন্যভাগবত' গ্রন্থ অনুসারে চৈতন্যদেবের বিদ্যাশিক্ষার পরিচয় দাও।

(চ) 'চৈতন্যভাগবত' গ্রন্থ অবলম্বনে নিত্যানন্দের পরিচয় দাও।

৩। নিম্নলিখিত যে-কোনো *দুটি* প্রশ্নের উত্তর দাওঃ　　১২×২= ২৪

(ক) কেতকাদাস ক্ষেমানন্দের 'মনসামঙ্গল' কাব্য অবলম্বনে 'মনসা' চরিত্রটি বিশ্লেষণ করো।

(খ) মুকুন্দ চক্রবর্তীর চণ্ডীমঙ্গল কাব্যে 'কালকেতুর গুজরাট নগর পত্তন' বর্ণনার মধ্য দিয়ে যে বাস্তব দৃষ্টিভঙ্গির পরিচয় পাওয়া যায়, তা আলোচনা করো।

(গ) মুকুন্দ চক্রবর্তীর চণ্ডীমঙ্গল কাব্যে উপন্যাস ধর্ম কীরূপে ধরা পড়েছে– আলোচনা করে বুঝিয়ে দাও।

(ঘ) 'চৈতন্যভাগবত' কাব্য অবলম্বনে চৈতন্যদেবের আবির্ভাবকালে তৎকালীন বঙ্গদেশের যে সামাজিক ও সাংস্কৃতিক অবস্থার পরিচয় পাওয়া যায়, তা আলোচনা করো।

——×——

# UNIVERSITY OF NORTH BENGAL

B.A. Honours 3rd Semester Examination, 2019

## CC6-BENGALI

Time Allotted: 2 Hours　　　　Full Marks: 60

*The figures in the margin indicate full marks.*
*Candidates should answer in their own words and adhere to the word limit as practicable.*

১। নিম্নলিখিত যে-কোনো *চারটি* প্রশ্নের উত্তর দাওঃ　　৩×৪ = ১২

(ক) দল কাকে বলে ? দল কত প্রকার ও কি কি ? প্রত্যেক প্রকার ছন্দের উদাহরণ দাও।

(খ) ছেদ ও যতির পার্থক্য উদাহরণসহ লেখো।

(গ) দলবৃত্ত, কলাবৃত্ত ও মিশ্রকলাবৃত্ত ছন্দের মাত্রা গণনা রীতি লেখো।

(ঘ) হাথক দরপণ মাথক ফুল।
নয়নক অঞ্জন মুখক তাম্বুল।।
হৃদয়ক মৃগমদ গীমক হার।
দেহক সরবস গেহক সার।।

(ঙ) বিরোধ মূলক অলঙ্কার কাকে বলে ? এর দুটি শ্রেণীর উল্লেখ করো।

২। নিম্নলিখিত যে-কোনো *চারটি* প্রশ্নের উত্তর দাওঃ　　৬×৪ = ২৪

(ক) পয়ারের শোষণ শক্তি বলতে কি বোঝো ? উদাহরণসহ বিশ্লেষণ করো।

(খ) বাংলা ছন্দে রবীন্দ্রনাথের অবদান আলোচনা করো। ছন্দ বিষয়ে রবীন্দ্রনাথের একটি গ্রন্থের নাম লেখো।　　৫+১

(গ) ছন্দের যাদুকর কে ? কে তাঁকে এই অভিধায় ভূষিত করেন ? তাঁর ছন্দ সম্পর্কিত গ্রন্থের নাম লেখো। বাংলা ছন্দে তাঁর অবদান সংক্ষেপে লেখো।　　১+১+১+৩

(ঘ) দৃষ্টান্তসহ পার্থক্য নির্ণয় করোঃ　　৩×২ = ৬
যমক ও শ্লেষ; নিশ্চয় ও অপহ্নুতি।

(ঙ) উদাহরণসহ টীকা লেখোঃ　　৩×২ = ৬
ভ্রান্তিমান, বৃত্ত্যনুপ্রাস।

(চ) অনুপ্রাস অলঙ্কার কাকে বলে ? এর শ্রেণী বিভাগগুলি উদাহরণসহ উল্লেখ করো।　　২+৪

৩। নিম্নলিখিত যে-কোনো *দুটি* প্রশ্নের উত্তর দাওঃ　　১২×২= ২৪

(ক) দলবৃত্ত ছন্দ কাকে বলে ? কোন কোন ছান্দসিক এই ছন্দের কি কি নামকরণ করেছেন ? এই ছন্দের বৈশিষ্ট্যগুলি উদাহরণসহ আলোচনা করো।

(খ) ছন্দোলিপি প্রস্তুত করোঃ　　৬×২ = ১২

(i) কুয়াশা যখন কাটলো তখন রাতের ঘুম কি।
ঘাসের শাড়িতে তাই দেখলুম শালুক ফুলের চুমকি।



Maynaguri College Library

(ii) মন্দির বাহির কঠিন কপাট।
চলইতে শঙ্কিল পঙ্কিল বাট।।
তঁহি অতি দূরতর বাদর দোল।
বারি কি বার ই নীল নীচোল।।

(গ) রূপক অলঙ্কার কাকে বলে উদাহরণসহ লেখো। এই অলঙ্কারের শ্রেণীবিভাগগুলি দৃষ্টান্তসহ পরিচয় দাও। ৪+৮

(ঘ) ব্যাখ্যাসহ অলঙ্কার নির্ণয় করোঃ ৬+৬

(i) দেখো নাকি হায় বেলা পড়ে যায়
শেষ হয়ে এলো দিন
বাজে পূরবীর ছন্দে রবির শেষ রাগিনীর বীণ।

(ii) আনিয়াছি ছুরি তীক্ষ্ণ দীপ্ত প্রভাত রশ্মি সম।

——×——

Maynaguri College Library

# UNIVERSITY OF NORTH BENGAL

B.A. Honours 3rd Semester Examination, 2019

## CC7-BENGALI

Time Allotted: 2 Hours                                                                 Full Marks: 60

*The figures in the margin indicate full marks.*
*Candidates should answer in their own words and adhere to the word limit as practicable.*

১। নিম্নলিখিত যে-কোনো *চারটি* প্রশ্নের উত্তর দাওঃ                    ৩×৪ = ১২

(ক) 'বীরাঙ্গনা কাব্যে' মধুসূদন কতগুলি পত্রিকা লেখার পরিকল্পনা করেছিলেন ? পরিশেষে কতগুলি পত্র কাব্যে স্থান পেয়েছিল ? কাব্যটি কোন্ পাশ্চাত্য কবির আদর্শে রচিত ?

(খ) 'সোনার তরী' কাব্যের প্রকাশকাল উল্লেখ করে এই কাব্যের প্রথম ও শেষ কবিতা দুটির নাম লেখো।

(গ) 'এষা' শব্দের অর্থ কী ? আলোচ্য কাব্যের পর্বগুলির নাম লেখো।

(ঘ) 'আলো ও ছায়া' কাব্যের প্রকাশকাল উল্লেখ করো। কামিনী রায়ের রচিত অন্য দুটি কাব্যের নাম লেখো।

(ঙ) 'সোনার তরী' কাব্যে মর্ত্যপ্রীতি তথা বিশ্বানুভূতির প্রকাশ ঘটেছে; এমন তিনটি কবিতার নাম উল্লেখ করো।

(চ) 'বীরাঙ্গনা কাব্য'টি কাকে উৎসর্গ করা হয়েছিল ? এবং এই উৎসর্গের মূলে কবির কোন্ উদ্দেশ্য ক্রিয়াশীল ছিল ?

২। নিম্নলিখিত যে-কোনো *চারটি* প্রশ্নের উত্তর দাওঃ                    ৬×৪ = ২৪

(ক) পত্রকাব্য হিসাবে 'বীরাঙ্গনা'র বিশিষ্টতার পরিচয় দাও।

(খ) 'সোনার তরী' কাব্যের নামকবিতার একটি রসগ্রাহী আলোচনা করো।

(গ) শোককাব্য হিসেবে 'এষা'র সার্থকতা যাচাই করো।

(ঘ) "নিঃশ্বাস ফেলি রহে আঁখি মেলি
কহে ম্রিয়মাণ মন
শশী নাহি চাই যদি ফিরে পাই
আরবার এ জীবন"
—কবি ও কবিতার নাম সহ উদ্ধৃতাংশটির তাৎপর্য ব্যাখ্যা করো।

(ঙ) মধুসূদনের 'তারা' পুরাণের 'তারা' চরিত্র থেকে অনেকটাই আলাদা— আলোচনা করো।

(চ) 'আলো ও ছায়া' কাব্যের মৌলিকত্ব কোথায় তা নিজের ভাষায় বিবৃত করো।

৩। নিম্নলিখিত যে-কোনো *দুটি* প্রশ্নের উত্তর দাওঃ                    ১২×২= ২৪

(ক) 'বীরাঙ্গনা কাব্যে'র জনা ও কেকয়ী মাতৃ চরিত্র দুটির তুলনামূলক আলোচনা করো।

(খ) রবীন্দ্র-কাব্য ধারায় 'সোনার তরী'র স্থান নির্ণয় করো।

(গ) 'মানবীর তরে কাঁদি,-যাচি না দেবতা।'
—'এষা' কাব্যে কবির এই ব্যাকুলতা কতখানি সত্য হয়ে উঠেছে তা পর্যালোচনা করো।

(ঘ) 'আলো ও ছায়া' কাব্যে কবির মানসিকতা যে ভাবে ফুটে উঠেছে, তার স্বরূপ আলোচনা করো।

——×——



Maynaguri College Library